



UNIVERSITY OF NORTH BENGAL  
B.A. Programme 3rd Semester Examination, 2019

SEC1-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.  
Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) পদ কত প্রকার ও কী কী ?  
(খ) বাক্য গঠনের ত্রি-সূত্র বলতে কী বোঝায় ?  
(গ) একটি সরল ও জটিল বাক্যের উদাহরণ দাও।  
(ঘ) বাংলার তিনজন চলিত গদ্য-রচয়িতার নাম লেখো।  
(ঙ) যে-কোনো তিনটি গণমাধ্যমের নাম উল্লেখ করো।  
(চ) সাধুভাষায় লেখা তিনটি বাংলা বই-এর নাম করো।

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) সাধু ও চলিত গদ্যের পার্থক্যগুলি উদাহরণসহ লেখো।  
(খ) বিশেষণ পদের সংজ্ঞার্থ লেখো এবং এর শ্রেণিবিভাগ করো।  
(গ) শিক্ষাপ্রতিষ্ঠানে র্যাগিং সম্পূর্ণভাবে বন্ধ হওয়া উচিত – এই মর্মে একটি প্রতিবেদন লেখো।  
(ঘ) ক্রিয়াপদ কাকে বলে ? সংক্ষেপে এর শ্রেণিগুলির পরিচয় দাও।  
(ঙ) পরিভাষা লেখো: (যে-কোনো ছ'টি)

Action, Dialect, Irony, Image, Mythology, Mimesis, Lexicon, Saga.

- (চ) চলিত গদ্যে রূপান্তর করো:

“জলবেগে নৌকা রসুলপুরের নদীর মধ্যে লইয়া যাইতেছে, প্রত্যাগমন করিতে বিস্তর ক্লেশ হইবে, এই জন্য নাবিকেরা প্রাণপণে তাহার বাহিরে আসিতে চেষ্টা করিতে লাগিল। এমনকি সেই মাঘ মাসে তাহাদিগের ললাটে শ্বেদক্ষতি হইতে লাগিল। এইরূপ পরিশ্রম দ্বারা রসুলপুর নদীর ভিতর হইতে বাহিরে আসিতে লাগিল বটে, কিন্তু নৌকা যেমন বাহিরে আসিল, অমনি তথাকার প্রবলতর স্রোতে উত্তরমুখী হইয়া তীরবৎ বেগে চলিল, নাবিকেরা তাহার তিলার্ধমাত্র সংযম করিতে পারিল না।”

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) বাক্যের গঠনগত ও অর্থগত শ্রেণিবিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।  
(খ) বাংলার একজন বিশিষ্ট চলিত গদ্যকারের রচনা-কর্মের পরিচয় দাও। এবং তাঁর গদ্যরীতির বৈশিষ্ট্য আলোচনা করো।  
(গ) আমাদের দেশের জলসংকট সম্পর্কে সাধারণ মানুষজনকে অবহিত করতে গণমাধ্যমগুলির ভূমিকা কেমন হওয়া উচিত — এ সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো।  
(ঘ) বিপণনে বিজ্ঞাপনের ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা করো।

—x—